

২০২১

দ্বিতীয় সেমেস্টার

বাংলা - সাম্মানিক

পত্র : CC-4

[বাংলা সাহিত্য : প্রবেশক পাঠ]

পূর্ণমান - ৬৫

প্রাস্তুলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) লালন ফকিরের পাঠ্য পদটি অবলম্বনে লালন ফকিরের সময়বাহী জীবনদর্শনের তাৎপর্য বিশ্লেষণ করো। ১০
অথবা,
(খ) শঙ্খ ঘোষের 'বাবরের প্রার্থনা' ইতিহাসের অনুসঙ্গে সমকালের প্রার্থনা, ব্যক্তিসংকটের আধারে বৃহত্তর সামাজিক সংকটের পরিচয়।— মন্তব্যটির যথার্থ্য নিরূপণ করো। ১০
- ২। (ক) 'কপালকুণ্ডলা' কোন শ্রেণির রচনা, তা যুক্তিসহ বিচার করো। ১০
অথবা,
(খ) 'অভাগীর স্বর্গ' গল্পে সমকালীন যে সমাজচিত্র লেখক বর্ণনা করেছেন তা নিজের ভাষায় আলোচনা করো। ১০
- ৩। (ক) "নীলদর্পণ বিদ্রোহের দর্পণ নয়, অত্যাচারের দর্পণ।"— 'নীলদর্পণ' নাটকের বিষয়বস্তু আলোচনা করে এ মন্তব্যের যথার্থ্য বিচার করো। ১০
অথবা,
(খ) 'বইপড়া' প্রবন্ধে প্রাবন্ধিক প্রমথ চৌধুরী বই পড়ার প্রয়োজনীয়তা ও আবশ্যিকতা বিষয়ে যে সুনিশ্চিত মতামত তুলে ধরেছেন তা সংক্ষেপে আলোচনা করো। ১০
- ৪। (ক) লুই পা রচিত পাঠ্যপদটি সম্পর্কে সংক্ষেপে আলোচনা করো। ৫
অথবা,
(খ) তাৎপর্য বিশ্লেষণ করো— এই পৃথিবীর রণ রক্ত সফলতা
সত্য, তবু শেষ সত্য নয়। ৫
- ৫। (ক) "যদি জানিতাম যে স্ত্রীলোকের বিবাহ দাসীত্ব, তবে কদাপি বিবাহ করিতাম না" — কে, কাকে একথা বলেছে? একথা বলার কারণ কী? ১+১+৩
অথবা,
(খ) "আরে না না উইঠো না। জানটারে দিবা নাকি?" — কে, কাকে এ-কথা বলল? এই উক্তির মধ্য দিয়ে বক্তার চরিত্রের কোন দিকটি প্রকাশিত হয়েছে? ১+১+৩

Please Turn Over

- ৬। (ক) “আল্লা! বড়বাবু মোরে এতবার বাঁচালে মুই বড়বাবুরি অ্যাকবার বাঁচাতি পাল্লাম না” — এ আক্ষেপ কার? কোন পরিস্থিতিতে, কেন সে আক্ষেপ করেছে? ১+২+২

অথবা,

- (খ) “ ‘সুন্দর-অসুন্দর’ — জীবন-নদীর এই দুই টান” — ব্যাখ্যা করো। ৫
- ৭। যে-কোনো একটির উত্তর দাও। ৫×১
- (ক) “ফাঁসির মধ্যে গেয়ে গেল যারা জীবনের জয়গান” — কারা, কীভাবে ফাঁসির মধ্যে জীবনের জয়গান গেয়েছেন?
- (খ) লক্ষ্যকর্ণের চেহারা ও স্বভাবের সংক্ষিপ্ত বর্ণনা দাও।
- (গ) আমেরিকায় নারী বিপ্লবের আন্দোলনে Frances Wright-এর ভূমিকা সংক্ষেপে আলোচনা করো।

- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

- (ক) চর্যাপদের আদি সিদ্ধাচার্যের নাম লেখো।
- (খ) রবীন্দ্রনাথের ‘বলাকা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থে অন্তর্ভুক্ত হয়েছে?
- (গ) ‘কাণ্ডারী’ শব্দের অর্থ কী?
- (ঘ) ‘সুচেতনা’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্ভুক্ত?
- (ঙ) ‘অবনী বাড়ি আছো’ কবিতায় কে দুয়ার চেপে ধরে?
- (চ) ‘দেশ দেখাচ্ছ অন্ধকারে’ কবিতায় কোন দুটি ব্রতকথার উল্লেখ করা হয়েছে?
- (ছ) “আহা কী দেখিলাম জন্ম-জন্মান্তরেও ভুলিব না!” — কী দেখিয়া এমন উক্তি?
- (জ) “পথিক, তুমি পথ হারাইয়াছ” — ‘পথিক’ কে?
- (ঝ) ‘অভাগীর স্বর্গ’ গল্পে কোন নদীর উল্লেখ আছে?
- (ঞ) চরণদাস এম.এল.এ.-কে সাধারণ মানুষ কী নামে ডাকত?
- (ট) রাইচরণের কোন জমিতে আমিন নীলের দাগ দিয়েছিল?
- (ঠ) “এরা সাহেবদের চণ্ডাল” — কাদের সম্পর্কে বলা হয়েছে?
- (ড) *Vindication of the Rights of Women* গ্রন্থটির লেখক কে?
- (ঢ) “মেঘদূত হইতে আমরা একটি তথ্য লাভ করিয়া বিস্ময়ে পুলকিত হইয়াছি” — প্রাবন্ধিক এখানে কোন তথ্যের কথা বলেছেন?
- (ণ) ‘সৌন্দর্যের সন্ধান’ প্রবন্ধটি অবনীন্দ্রনাথ ঠাকুরের কোন গ্রন্থ থেকে সংগৃহীত?